

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৭৬

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ যে হাদীসের ব্যাখ্যায় ভুলে নিপতিত হয়েছেন একদল বিদ্বান, যারা হাদীসের জ্ঞানে পরিপঞ্কতা অর্জন করেনি
ذِكْرُ خَبَرٍ وَهِمَ فِي تَأْوِيلِهِ جِماعةٌ لَمْ يُحْكِمُوا صِنَاعَةَ الْحَدِيثِ

আরবী

2976 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنٍ حدثنا أحمد بن إبراهيم الدروقي حَدَّنَا حَجَّاجُ بْنُ مُحَمَّدٍ عَنِ ابْنِ جُرَيْجٍ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم يقول ـ قَبْلَ أَنْ يَمُوتَ بشهرٍ ـ: (تَسْأَلُونِي عَنِ السَّاعَةِ وَإِنَّمَا عَلَمُها عِنْدَ اللَّهِ وأَقْسِمُ بِاللَّهِ: مَا عَلَى ظَهْرِ الْأَرْضِ نفسٌ مَنْفُوسةٌ ـ الْيَوْمَ ـ يَأْتِي عليها مئة سنةٍ) اللَّهِ وأَقْسِمُ بِاللَّهِ: مَا عَلَى ظَهْرِ الأَرْضِ نفسٌ مَنْفُوسةٌ ـ الْيَوْمَ ـ يَأْتِي عليها مئة سنةٍ) الراوي : جَابِر ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2976 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((الروض)) ـ أيضاً ـ: م.

বাংলা

২৯৭৬. জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে মৃত্যুর এক মাস আগে বলতে শুনেছি, তিনি বলেছেন, "তোমরা আমাকে কিয়ামত সম্পর্কে জিজ্ঞেস করো, অথচ এর ইলম একমাত্র আল্লাহর নিকট। আল্লাহর কসম, আজকে যেসব প্রাণী পৃথিবীতে রয়েছে, একশ বছরের মাথায় সেসবের কেউ বেঁচে থাকবে না।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩৮৫; সহীহ মুসলিম: ২৫৩৮; তিরমিযী: ২২৫০; তাহাবী, শরহু মুশকিলুল আসার: ৩৭৫। হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওয)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন